গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

## গত ২৬.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
তারিখ : ২৬.১১.২০১৭ খ্রিঃ
সময় : সকাল ১০:৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ | নাম | পদবী | দপ্তর |
|---|---|---|---|
| ০১। | জনাব এস এম আশফাক হুসেন | সদস্য (বোর্ড প্রশাসন) | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০২। | জনাব কালিপদ হালদার | সদস্য (তথ্য ব্যবস্থাপনা ও সেবা) ও প্রকল্প পরিচালক, এসজিএমপি | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০৩। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক | সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০৪। | জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা | সদস্য (শুল্কঃ রপ্তানী বন্ড ও আইটি) | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০৫। | জনাব মোঃ রেজাউল হাসান | সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) ও প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০৬। | জনাব মোঃ আমিনুল বর চৌধুরী এনডিসি | যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ০৭। | কে এম অহিদুল আলম | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট | খুলনা কমিশনারেট |
| ০৮। | জনাব মোঃ নুরুজ্জামান খান | অতিরিক্ত কর কমিশনার | কর অঞ্চল-২, চট্টগ্রাম |
| ০৯। | জনাব মোঃ সেলিম রেজা | প্রথম সচিব (কর) | জাতীয় রাজস্ব বোর্ড |
| ১০। | শেখ আবু ফয়সল মো: মুরাদ | অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট | যশোর কমিশনারেট |
| ১১। | জনাব সামিয়া আলম | সিএও | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ১২। | জনাব কানিজ মওলা | উপ পরিচালক | আইএমইডি |
| ১৩। | জনাব নন্দিতা রানী সাহা | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং বিভাগ | গণপূর্ত অধিদপ্তর |
| ১৪। | জনাব মোঃ আব্দুল আখের | সিনিয়র সহকারী প্রধান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ১৫। | জনাব মোঃ ফজলুল হক | যুগ্ম কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট | রংপুর কমিশনারেট |
| ১৬। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | উপকমিশনার | মংলা কাস্টম হাউজ |
| ১৭। | জনাব মোঃ আবু মুসা | উপকর কমিশনার | কর অঞ্চল-খুলনা |

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র অনুসারে বিগত ২৯.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার অনুমোদিত এবং বিতরণকৃত কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কারো কোনো আপত্তি না থাকায় তা নিশ্চিত করা হয়।

৩.১ অতঃপর সভায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপি'তে এ বিভাগের আওতায় এনবিআর কর্তৃক বাস্তবায়নাধীন মোট ৪টি উন্নয়ন প্রকল্পের অক্টোবর, ২০১৭ পর্যন্ত নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

(অংকসমূহ কোটি টাকায়)

| মোট বরাদ্দ | | | মোট অবমুক্ত | | | মোট ব্যয় | | | অগ্রগতির হার | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | ২০১৭-১৮ | ২০১৬-১৭ |
| ১৯০.৫৪ | ৬০.৮২ | ১২৯.৭২ | ৪৮.৫১ | ১৪.০৮ | ৩৪.৪৩ | ১.৭০ | ১.০২ | ০.৬৮ | ০.৮৯% | ৩০.৬৯% |

৩.২ সভার শুরুতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এডিপি অগ্রগতি একনজরে উপস্থাপন করা হলে সভাপতি গভীর অসন্তোষ প্রকাশ করে বলেন এটি অত্যন্ত দু:খজনক যে, ৪ (চার) মাসে এডিপি বরাদ্দের এক শতাংশও ব্যবহার করা সম্ভব হয়নি। তিনি আরো বলেন, বিগত অর্থবছরে এ সময়ে যেখানে ৩১% অর্থ ব্যবহার সম্ভব হয়েছিলো সেখানে বর্তমান অর্থবছরের ০.৮৯% অগ্রগতি কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। তিনি এর কারণ জানতে চাইলে সিনিয়র সহকারী প্রধান বলেন যে, এ বিভাগের এডিপি বরাদ্দের সিংহভাগই একটি মাত্র প্রকল্পের অনুকূলে হওয়ায় সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি উক্ত একটি প্রকল্পের পারফরমেন্স-এর ওপর নির্ভর করে। আইআরডি'র মোট এডিপি'র ৮৪% অর্থ 'ভ্যাট অনলাইন প্রকল্পে'র অনুকূলে বরাদ্দ রয়েছে। কিন্তু উক্ত প্রকল্পে মাত্র ১.৬৩ কোটি টাকা ব্যবহার করা হয়েছে যা মোট বরাদ্দের ১%। সভাপতি প্রকল্পের বাস্তবায়নে কোনো সমস্যা রয়েছে কিনা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আরডিপিপি-২ অনুমোদিত না হওয়ায়

প্রকল্পের অনেক আইটেমে পরিকল্পিত অর্থ ব্যবহার করা যাচ্ছে না। তিনি দ্রুততম সময়ে আরডিপিপি-২ অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

৩.৩ আলোচনার এ পর্যায়ে যুগ্ম-সচিব (পরিকল্পনা) বলেন যে, ভ্যাট অনলাইন প্রকল্পের আরডিপিপি-২ এর ওপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুণর্গঠিত অবস্থায় আরডিপিপি-২ গত সপ্তাহে আইআরডি'তে পাওয়া গিয়েছে। কিন্তু পরীক্ষান্তে দেখা যায় যে, এটি পরিকল্পনা বিভাগের নির্দেশিত সঠিক ছকে প্রণয়ন করা হয়নি। এ কারণে গত ২২.১১.২০১৭ তারিখে প্রকল্প প্রণয়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের সাথে আইআরডি'তে একটি সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। সভায় উপস্থিত এনবিআর-এর সদস্য (বন্ড ব্যবস্থাপনা) বলেন যে, অতি সম্প্রতি অনুমোদিত 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' এবং 'ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন' শীর্ষক প্রকল্প দু'টিও প্রথমে পুরাতন ছকে প্রণীত হয়েছিলো। কিন্তু পরিকল্পনা কমিশন হতে নির্দেশিত হয়ে নতুন প্রবর্তিত ছকে প্রণয়ন করবার পর তা 'একনেক' সভায় অনুমোদিত হয়। আইএমইডি'র উপ-পরিচালক বলেন যে, যেহেতু প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব 'একনেক' সভায় উপস্থাপিত হবে সে কারণে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট কোনো অবস্থাতেই বাতিল কোনো ছকে প্রকল্প দলিল প্রেরণ করা সঙ্গত হবে না। সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প দপ্তরে নতুন প্রবর্তিত ছকে প্রকল্প দলিল প্রণয়নের মতো অভিজ্ঞতাসম্পন্ন কোনো কর্মকর্তা না থাকায় আইআরডি'র সিনিয়র সহকারী প্রধানের সহায়তা অপরিহার্য। সভাপতি পরবর্তি ২ (দুই) দিন প্রকল্প দপ্তর হতে দু'জন কর্মকর্তাকে আইআরডি'তে প্রেরণের নির্দেশনা দিয়ে বলেন যে, তারা সিনিয়র সহকারী প্রধানের তত্বাবধানে আগামী ০৩.১২.২০১৭ তারিখের মধ্যে প্রকল্পের আরডিপিপি-২ প্রণয়ন সম্পন্ন করবেন।

৩.৪ সভায় 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, নতুন প্রকল্প হিসেবে থোক হতে অর্থ প্রাপ্তি বিলম্বিত হওয়ার কারণে প্রকল্পের প্রাথমিক কার্যাদি বাস্তবায়ন শুরু করা যাচ্ছে না। সভায় তাকে পরামর্শ দেয়া হয় যে, "অর্থ প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হবে"- এ শর্তে তিনি অফিস ভাড়া, যানবাহন ক্রয় এবং অন্যবিধ প্রাথমিক কার্যাদির দরপত্র আহবান করতে পারেন। এতে সময় সাশ্রয় ও প্রকল্পের বাস্তবায়ন শুরু করা সম্ভব হবে। প্রকল্পের 'লঞ্চিং ওয়ার্কশপ' আয়োজনের বিষয়ে সভাপতি জানতে চাইলে সভায় অবহিত করা হয় যে, ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে এ কর্মশালাটি আয়োজন করা হবে।

৩.৫ বিগত সভায় প্রদত্ত সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনানুসারে বিসিএস (শুল্ক ও ভ্যাট) এবং বিসিএস (কর) একাডেমিতে প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে ২ (দুই) দিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। তবে, এ ধরণের প্রশিক্ষণ প্রতি মাসে একটি কোর্সের পরিবর্তে প্রতি দুই মাস অন্তর একটি করে কোর্স আয়োজন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩.৬ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমিতে চলমান ও অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণ কোর্সে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়টি অন্তর্ভুক্তির সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়িত না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, বিগত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে নিয়মিত প্রশিক্ষণসমূহে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়নি। সভাপতি মহোদয় একাডেমি দু'টিতে চলমান কোর্সসমূহে প্রকল্প ব্যবস্থাপনা'কে অন্তর্ভুক্তির নির্দেশনা প্রদান করে বলেন যে, প্রয়োজন অনুযায়ী বিভিন্ন অঞ্চলে এ বিষয়ে সংক্ষিপ্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রাথমিক পর্যায়ে আগামী ডিসেম্বর ও জানুয়ারি মাসে তিনি খুলনা, বরিশাল, যশোর ও রংপুরে এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমির মহাপরিচালককে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, এ ৪ (চার) টি স্থানে যথাক্রমে এসজিএমপি, ভ্যাট অনলাইন প্রকল্প এবং রংপুর কাস্টমস ও আয়কর বিভাগ যৌথভাবে অর্থায়ন করতে পারে।

৩.৭ মংলা কাস্টম হাউজের প্রতিনিধি বলেন যে, সম্প্রতি মাননীয় নৌ পরিবহন মন্ত্রী দ্রুততম সময়ে মংলা কাস্টম হাউজের কার্যক্রম খুলনা হতে মংলায় স্থানান্তরের নির্দেশনা প্রদান করেছেন। কিন্তু "মংলা কাস্টম হাউজ নির্মাণ" শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভা হতে কিছু সুপারিশসহ ফেরত আসায় একটি 'ফিজিবিলিটি স্টাডি' প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। ফিজিবিলিটি প্রকল্পের খসড়া দলিলটি চূড়ান্ত করে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে এনবিআর-এ প্রেরণ করা সম্ভব হবে। সভাপতি তাড়াহুড়া না করে পরবর্তি ১৫ (পনের) দিনের মধ্যে একটি সুপরিকল্পিত 'ফিজিবিলিটি স্টাডি' প্রকল্প এনবিআর-এর মাধ্যমে আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।

৩.৮ সভায় বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয়ঃ

| ক্রঃ | প্রকল্পের নাম | ডিপিপির অবস্থান |
|---|---|---|
| ০১। | খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প | গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ০২। | জামালপুর কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি। |
| ০৩। | টাঙ্গাইল কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি। |
| ০৪। | চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প | প্রকল্পের ওপর গত ০২.০৩.২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ০৫। | মংলা কাস্টম হাউজ নির্মাণ প্রকল্প | প্রকল্পের ডিপিপি'র ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ০৬। | সাতক্ষীরা কাস্টমস ভবন ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্প | প্রকল্পের নির্ধারিত জনবলের ভিত্তিতে পুনর্গঠিত ডিপিপি পাওয়া গিয়েছে। পরীক্ষান্তে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ০৭। | যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পাওয়া গিয়েছে। পরীক্ষান্তে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ০৮। | বরিশাল কর ভবন নির্মাণ প্রকল্প | গত ১৯.১১.২০১৭ তারিখে প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির সভা পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে। সভার কাযবিবরণী পাওয়া গেলে সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের উদ্যোগ নেয়া হবে। |
| ০৯। | রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প | ডিপিপি প্রণীত হয়নি। |
| ১০। | সাভার ও ধামরাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ১১। | মানিকগঞ্জ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। |
| ১২। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প | ডিপিপি প্রণীত হয়নি। |

৩.৯ আলোচনায় অংশ নিয়ে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, খুলনা কমিশনারেট বলেন যে, ভোমরায় এলসি স্টেশন ও সাতক্ষীরা কাস্টমস বিভাগীয় কর্মকর্তার দপ্তর নির্মাণের জন্য একটি উন্নয়ন প্রকল্প বর্তমান অর্থবছরের এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের ডিপিপি বেশ কিছুদিন পূর্বে প্রেরণ করা হয়েছিলো। সম্প্রতি অর্থ বিভাগ কর্তৃক প্রকল্পের জনবল নির্ধারণ করা হয়েছে এবং তদনুযায়ী প্রকল্পের ডিপিপিও পুনর্গঠন করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার করা হয়। জিওবি'র অর্থায়নে প্রস্তাবিত ডিপিপি'তে ভোমরায় এলসি স্টেশন নির্মাণের সংস্থান রেখে প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিষয়ে একমত পোষণ করা হয়।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১ সিনিয়র সহকারী প্রধানের তত্ত্বাবধানে নতুন ফরমেটে 'ভ্যাট অনলাইন' প্রকল্পের আরডিপিপি-২ প্রণয়নের লক্ষ্যে পরবর্তি ২ (দুই) দিন প্রকল্প দপ্তর হতে দু'জন কর্মকর্তাকে আইআরডি'তে সংযুক্ত করতে হবে যাতে আগামী ০৩.১২.২০১৭ তারিখের মধ্যে প্রকল্পের আরডিপিপি-২ প্রণয়ন সম্পন্ন হয়;

৪.২ 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পে "অর্থ প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হবে"- এ শর্তে অফিস ভাড়া, যানবাহন ক্রয় এবং অন্যবিধ প্রাথমিক কার্যাদির দরপত্র আহ্বান করা যেতে পারে;

৪.৩ 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের 'লঞ্চিং ওয়ার্কশপ' ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে আয়োজন করা হবে। ওয়ার্কশপে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তাগণসহ সকল স্টেকহোল্ডাগণকে আমন্ত্রণ জানাতে হবে;

৪.৪ বিসিএস (কর) একাডেমি এবং বিসিএস (শুল্ক ও ভ্যাট) প্রশিক্ষণ একাডেমি'তে প্রকল্প ব্যবস্থাপনার ওপর প্রতি ২ (দুই) মাসে একটি করে সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। বিসিএস (কর) একাডেমি ও বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমিতে অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণে প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত একটি মডিউল অন্তর্ভুক্ত করতে হবে;

৪.৫ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি আগামী ডিসেম্বর, ২০১৭ ও জানুয়ারি, ২০১৮ মাসে খুলনা, বরিশাল, যশোর ও রংপুরে প্রকল্প ব্যবস্থাপনার ওপর সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজন নিশ্চিত করবে। খুলনায় অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের ব্যয়ভার এসজিএমপি, বরিশাল ও যশোরে ভ্যাট অনলাইন প্রকল্প এবং রংপুরের ব্যয়ভার কর অঞ্চল রংপুর এবং শুল্ক ও ভ্যাট কমিশনারেট রংপুর যৌথভাবে বহন করবে;

৪.৬ পরিকল্পনা কমিশনের সুপারিশের ভিত্তিতে 'মংলা কাস্টম হাউজ নির্মাণ' শীর্ষক প্রকল্পের জন্য একটি 'ফিজিবিলিটি স্টাডি প্রজেক্ট' প্রস্তুতপূর্বক পরবর্তি ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এনবিআর-এর মাধ্যমে আইআরডি'তে প্রেরণ করতে হবে;

৪.৭ 'মংলা কাস্টম হাউজ নির্মাণ' প্রকল্পের জন্য আইআরডি'র যুগ্মসচিব (পরিকল্পনা)-কে সভাপতি এবং সিনিয়র সহকারী প্রধানকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করা হলো। উক্ত কমিটিতে পরিকল্পনা কমিশন, মংলা কাস্টম হাউজ, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর-এর প্রতিনিধি এবং এনবিআর-এর সংশ্লিষ্ট ১ম সচিব সদস্য হিসেবে থাকবেন;

৪.৮ জিওবি কর্তৃক অর্থায়নের জন্য প্রস্তাবিত ডিপিপি'তে ভোমরায় এলসি স্টেশন নির্মাণের সংস্থান রেখে প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০১০.১৪(অংশ-১).৬০৪ তারিখঃ ০৭.১২.২০১৭ খৃঃ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা।
০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা।
০৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুণবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা সাহা, নির্বাহী প্রকৌশলী)।
০৫। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব সরোওয়ার আলম, উপ-প্রধান)।
০৬। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব বোরহানুল হক, উপ-প্রধান)।
০৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা।
০৮। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
০৯। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, এসজিএমপি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, বন্ড স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
১৩। কমিশনার, মংলা কাস্টমস হাউজ, খালিশপুর, খুলনা।
১৪। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, যশোর/খুলনা/রংপুর/ঢাকা (পশ্চিম)।
১৫। কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল/খুলনা/চট্টগ্রাম-১।
১৬। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি, সিদ্ধেশ্বরী, ঢাকা।

১৭। মহাপরিচালক, কাস্টম্স এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

অনুলিপি

০১। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
০৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা (চ: দা:), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৭/১২/১৭

মোঃ আব্দুল আখের
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৫৪৪৮২